

■ কুরআন-সুনাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায়: আরকানুল ঈমান রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪. ৫. ১২. কিয়ামাতের পূর্বাভাসসমূহ - ৪. ৫. ১২. ১. কিয়ামতের সময় একমাত্র আল্লাহই জানেন

কিয়ামত বা মহা প্রলয় ও পুনরুখান অবশ্যই আসবে। তবে তার নির্ধারিত সময় মহান আল্লাহ ছাড়া কেউ জানেন। পৃথিবীর বয়স কত হবে, কখন কিয়ামত হবে তা একমাত্র আল্লাহই জানেন। কুরআন কারীমে বিষয়টি বারংবার বলা হয়েছে। একস্থানে আল্লাহ বলেন:

يَسْأَلُونَكَ عَنِ السَّاعَةِ أَيَّانَ مُرْسَاهَا قُلْ إِنَّمَا عِلْمُهَا عِنْدَ رَبِّي لا يُجَلِّيهَا لِوَقْتِهَا إِلا هُوَ ثَقُلَتْ فِي السَّمَاوَاتِ وَالأَرْضِ لَسُأَلُونَكَ عَنْهَا قُلْ إِنَّمَا عِلْمُهَا عِنْدَ اللَّهِ وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لا يَعْلَمُونَ لا يَعْلَمُونَ

"তারা তোমাকে জিজ্ঞাসা করে কিয়ামত কখন ঘটবে। বল, 'এ বিষয়ের জ্ঞান শুধু আমার প্রতিপালকেরই আছে। শুধু তিনিই যথাকালে তা প্রকাশ করবেন। তা আকাশমন্ডলী ও পৃথিবীতে একটি ভয়ঙ্কর ঘটনা। আকস্মিক ভাবেই তা তোমাদের উপর আসবে'। তুমি এ বিষয়ে সবিশেষ অবহিত মনে করে তারা তোমাকে প্রশ্ন করে। বল, 'এ বিষয়ের জ্ঞান শুধু আল্লাহরই আছে, কিন্তু অধিকাংশ লোক তা জ্ঞাত নয়।"[1]

অন্যত্র মহান আল্লাহ বলেন:

قُلْ لا يَعْلَمُ مَنْ فِي السَّمَاوَاتِ وَالأَرْضِ الْغَيْبَ إِلا اللَّهُ وَمَا يَشْعُرُونَ أَيَّانَ يُبْعَثُونَ

"বল, 'আল্লাহ ব্যতীত আকাশমন্ডলী ও পৃথিবীতে কেউই গাইবের (অদৃশ্যের) জ্ঞান রাখে না এবং তারা জানে না তারা কখন পুনরুখিত হবে।"[2]

অন্যত্র আল্লাহ বলেন:

يَسْأَلُونَكَ عَنِ السَّاعَةِ أَيَّانَ مُرْسَاهَا فِيمَ أَنْتَ مِنْ ذِكْرَاهَا إِلَى رَبِّكَ مُنْتَهَاهَا إِنَّمَا أَنْتَ مُنْذِرُ مَنْ يَخْشَاهَا "তারা তোমাকে জিজ্ঞাসা করে কিয়ামত সম্পর্কে, 'তা কখন ঘটবে?' কিয়ামতের আলোচনার সাথে তোমার কি সম্পর্ক? এর চূড়ান্ত জ্ঞান আছে তোমার প্রতিপালকের নিকট। যে তা ভয় করে তুমি কেবল তার সতর্ককারী।"[3]

ফুটনোট

- [1] সুরা (৭) আ'রাফ: ১৮৭ আয়াত।
- [2] সূরা (২৭) নামল: ৬৫ আয়াত।
- [3] সূরা (৭৯) নাযি'আত: ৪২-৪৫ আয়াত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13680



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন